দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 DEC 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭ ......

# প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন প্রসঙ্গে

বর্তমান সরকার ক্ষমতায় আসিবার পর জনকল্যাণমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্টের আলোকে নূতন শিক্ষানীতি প্রণয়নের জন্য কমিটি গঠন করিয়াছেন। এইজন্য সরকারকে ধন্যবাদ জানাইতেছি। কিন্তু শুধু শিক্ষানীতি প্রণয়ন করিলেই চলিবে না, ইহার সঠিক বাস্তবায়নের উপর সফলতা তথা জনগণের ভবিষ্যৎ অনেকাংশে নির্ভরশীল। অতীতেও আমরা দেখিয়াছি যে, শিক্ষানীতি প্রণয়ন করা হইয়াছে কিন্তু তাহার বাস্তবায়ন সম্ভব হয় নাই। আমাদের প্রত্যাশা প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি দ্রুত গ্রহণ করিয়া তাহা বাস্তবায়নের কাজ শুরু করা হইবে। জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্ট মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে। জাতীয় শিক্ষানীতি চূড়ান্ত অনুমোদনের পূর্বে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে সচেতন থাকা প্রয়োজন। এ প্রসঙ্গে বলা যায় ঃ (১) প্রাথমিক স্তরে একই পদ্ধতির শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা।

(২) ডিগ্রী অনার্স ও পাস কোর্সের বৈষম্য দূর করিয়া একই পদ্ধতির সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা। (৩) শিক্ষা ব্যবস্থা অবশ্যই কর্মমুখী হওয়া। (৪) শিক্ষা ব্যবস্থা বিজ্ঞানভিত্তিক ও আন্তর্জাতিক মান সম্পন্ন হওয়া। (৫) শিক্ষার্থীদের নৈতিক মান উন্নয়নের জন্য দিকনির্দেশনা।

এই বিষয়গুলির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ মাহবুব হোসেন (মানিক),
গ্রামঃ দড়িচর, ডাকঃ নোয়াকান্দা,
থানাঃ পলাশ, জেলাঃ নরসিংদী